সংবাদ।

তারিখ ... ৬/১২/৮১ ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

066

# খাল পুনঃখনন কর্মসূচীর শুভ উদ্বোধন

পটুয়াখালী, ১লা ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)। গত ২২শে নভেম্বর স্থানীয় জেলা প্রশাসক জনাব মোঃ আজিজুল হক পটুয়াখালী জেলাধীন মির্জাগঞ্জ থানার দোয়ানী বেগমপুর খাল পুনঃখননের মধ্যে দিয়ে পটুয়াখালী সদর মহকুমার খাল খনন প্রকল্পের তৃতীয় পর্যায়ের উদ্বোধন করেন। মহকুমা প্রশাসক জনাব মোঃ মহিউদ্দিন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

স্বেচ্ছাশ্রমে খাল পুনঃখননের কর্মসূচী নেয়া হলেও শতকরা ১৫ ভাগ কাজ সরকারী বরাদ্দকৃত গম বিতরণ এবং বাকী কাজ সমাজের সর্বস্তরের জনগণের সহযোগিতায় সম্পন্ন করা হবে। দোয়ানী-বেগমপুর দীর্ঘ ৩ মাইল খাল পুনঃখনন করলে উক্ত এলাকায় অতিরিক্ত ফসল উৎপাদনের সম্ভবনা রয়েছে।

## সাংবাদিকদের উপর হামলার প্রতিবাদ

সম্প্রতি বরিশাল প্রেসক্লাব ও জনৈক সংসদ সদস্যের বাসভবনে সাংবাদিকদের উপর গুণ্ডা বাহিনীর হামলার প্রতিবাদে আজ স্থানীয় প্রেসক্লাবে জেলাধীন বিভিন্ন পত্রিকার সাংবাদিকরা এক প্রতিবাদ সভার আয়োজন করেন। এ প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন জনাব কে, বি, এম, শামসুল হক এডভোকেট। সভায় সাংবাদিকরা বরিশালসহ বিভিন্ন এলাকার মফস্বল সাংবাদিকদের উপর হামলার তীব্র নিন্দা জ্ঞাপন, হামলাকারীদের বিচার ও শাস্তির দাবী জানান।